



পাখির অভয়ারণ্য নির্মাণ প্রকল্প-০৩

তারিখঃ ২৬/০৫/২০২৩

স্বাস্থিকের চলমান অন্যান্য কাজের মধ্যে একটি অন্যতম উদ্যোগ হলো পাখির জন্য অভয়ারণ্য নির্মাণ। এর আগে বান্দা গ্রামের বিভিন্ন স্থানে কয়েক ধাপে পাখির অভয়ারণ্য নির্মাণ প্রকল্প পরিচালনা করে স্বাস্থিক। দীর্ঘদিন ধরেই স্বাস্থিকের বিভিন্ন কার্যক্রম লক্ষ্য করছিলেন বান্দা, ধানিবুনিয়া তথা ডুমুরিয়া উপজেলার বিখ্যাত কপি হাউজ “পিকে কপি হাউজ” এর প্রতিষ্ঠাতা। নান্দনিক পরিবেশের সাথে মিশে গিয়ে কফির চুমুকে শান্তি অনুভব করার জন্য একটি চমৎকার ঠিকানা এটি। যা শুধু মানুষ নয়, পরিবেশের অন্যতম বন্ধু পাখিরও একটি অতি পছন্দের স্থান যা নদীর তীরবর্তী হওয়ার সারাক্ষণ মুখরিত থাকে পাক-পাখালির কলরবে। উক্ত কপি হাউজের প্রতিষ্ঠাতার সাথে স্বাস্থিক পরিবারের সাক্ষাত হয়। সাক্ষাতে তিনি তার কফি হাউজের পাশে নয়নাভিরাম একটি পাখির অভয়ারণ্য গড়ে তোলা সম্ভব কিনা এই ব্যাপারে আমাদের সাথে আলাপ করেন। স্বাস্থিকের স্বেচ্ছাসেবীরাও তার ডাকে সাড়া দিড়ে গড়ে তোলে একটি নয়নাভিরাম পাখির অভয়ারণ্য।

এই প্রকল্পে কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন স্বাস্থিকের এক্সিকিউটিভ সদস্য দীপেন্দু মজুমদার ও তাকে সহায়তা করে স্বাস্থিকের পুরো পরিবার। ২৪ মে রোজ বুধবার সকাল ৯ ঘটিকায় প্রায় ২০ জনের একটি টিম হওনা হয় কপি হাউজের উদ্যেশে। বিভিন্ন আকৃতির শতধিক ভাঁড় বড়ো ছোট বিভিন্ন সাইজের গাছে পাখিদের বসবাসের উপযোগী করে বাধা হয় এবং ৩টি সচেতনতা মূলক ব্যানার লাগানো হয়। এই প্রকল্পে মোট খরচ হয় প্রায় ২০০০ টাকা যা স্বাস্থিকের নিজস্ব তহবিল থেকে সরবরাহ করা হয়।

পরিবেশের স্বার্থে পাখির সঠিক সংরক্ষণের জন্য স্বাস্থিক পরিবারের তৃতীয় পদক্ষেপ এটি। স্বাস্থিক বিশ্বাস রাখে পিকে ভাই এবং অত্র এলাকার লোকজন খুব যত্নসহকারে এই পাখির অভয়ারণ্যটির দেখভাল করবে ও এই কার্যক্রম থেকে অনুপ্রাণিত হয়ে যুক্ত হবে এই মহোত্তী উদ্যোগে।

প্রতিবেদক

জয়ানন্দ মন্ডল

২৬/০৫/২০২৩

অনার্স শাখা, স্বাস্থিক